




দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৬৬৬

তারিখঃ ২৯/১১/১৮শ্বিঃ

বিষয়ঃ নতুন সমিতি গঠন ও ঋণ কার্যক্রম জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি বর্তমানে বিআরডিবি'র ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। কর্মসূচি আকারে চলমান প্রকল্পটির মুখ্য কার্যক্রম হচ্ছে সংগঠন সৃষ্টি, পুঁজিগঠন ঋণ বিতরণ ও আদায়। কর্মসূচিভুক্ত কোন কোন উপজেলায় ঋণ বিতরণ কার্যক্রমে যথাযথ তৎপরতা না থাকায় তহবিল অলস পড়ে আছে এবং সুফলভোগী সদস্যগণ স্বল্প সুদের ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। সমিতিতে ঋণ কার্যক্রম না থাকায় সদস্যগণ স্বল্পসেবামূল্যের ঋণ সুবিধার মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ থেকে যেমন বঞ্চিত হচ্ছে তেমনি নিয়মিত সঞ্চয় জমা না হওয়ায় তাদের পুঁজিগঠনের সুযোগ সৃষ্টি হচ্ছে না; যা প্রকল্প/কর্মসূচির মূল লক্ষ্য-উদ্দেশ্যকে ব্যাহত করছে। সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বশীলদের উদাশীনতার জন্যই ঋণ বিতরণ ও পুঁজিগঠন কার্যক্রমে এরূপ স্থবিরতা বিরাজ করছে বলে প্রতীয়মান। এমতাবস্থায়, অলস তহবিল ফেলে না রেখে ঋণ কার্যক্রম সক্রিয়/ জোরদারকরণের স্বার্থে যাচাই বাছাইপূর্বক নতুন সমিতি গঠন করে সদস্যদের ঋণ সুবিধার আওতায় আনার জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, (প্রকল্পভূক্ত ১৫ জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)।
৭. অফিস নথি/গার্ড ফাইল।